



Sylhet Agricultural University

Sylhet-3100, Bangladesh

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়

সিলেট-৩১০০, বাংলাদেশ।

তারিখ : ০৬/০৪/২০২০

অতীব জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি বৈশ্বিক মহামারী কোভিড-১৯ করোনাভাইরাসের প্রাদুর্ভাব সিলেট জেলাসহ এদেশের কতিপয় জেলার কমিউনিটি পর্যায়ে সীমিত আকারে দেখা দিয়েছে। কোভিড-১৯ করোনাভাইরাসের প্রাদুর্ভাব প্রতিরোধ করতে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) সামাজিক দূরত্ব বজায় রাখা ও রোগের নমুনা পরীক্ষণের উপর বিশেষ গুরুত্ব প্রদান করেছে। এদেশে জনসাধারণের মধ্যে সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী আগামী ১৪/০৪/২০২০ তারিখ পর্যন্ত সাধারণ ছুটি বৃদ্ধি করেছেন। এছাড়া, নিজ বাসায় শবেবরাত ও ১লা বৈশাখ উদযাপন করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী দেশবাসীকে নির্দেশ দিয়েছেন। দেশে-বিদেশে কোভিড-১৯ করোনাভাইরাস প্রাদুর্ভাবের পরিপ্রেক্ষিতে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নিচের সিদ্ধান্তগুলো কার্যকর করার নির্দেশ প্রদান করেছেন-

- ✚ বিশ্ববিদ্যালয়ের সকল গেট দিবা-রাত্রি তালাবদ্ধ থাকবে।
- ✚ বাহিরের কোন জনসাধারণ ক্যাম্পাসে প্রবেশ করতে পারবেন না।
- ✚ ক্যাম্পাসের বাহিরের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীগণ ক্যাম্পাসের ভিতরে প্রবেশ করতে পারবেন না। তবে অফিসের জরুরি প্রয়োজনে পরিচয়পত্র প্রদর্শনপূর্বক সীমিত সময়ের জন্য প্রবেশ করতে পারবেন।
- ✚ বাহিরের জনসাধারণ ক্যাম্পাসের মসজিদে সালাত আদায় করতে পারবেন না।
- ✚ ক্যাম্পাসের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীগণ বাহিরের মসজিদে সালাত আদায় করতে পারবেন না।
- ✚ জরুরি প্রয়োজনে ক্যাম্পাসের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীগণ বাহিরে যেতে পারবেন।
- ✚ জরুরি প্রয়োজনে ক্যাম্পাসের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী সার্বক্ষণিক গৃহকর্মী রাখতে পারবেন। তবে ক্যাম্পাসে যাওয়া-আসা করা গৃহকর্মী ক্যাম্পাসে প্রবেশ করতে পারবে না।

উল্লিখিত সিদ্ধান্তসমূহ অদ্য ০৬/০৪/২০২০ তারিখ থেকে কার্যকর করতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি।

মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে,

প্রফেসর ড. মোঃ আব্দুল মালেক
চেয়ারম্যান, নিরাপত্তা কমিটি
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়
সিলেট-৩১০০।

প্রয়োজনীয় কার্যার্থে ও সদয় অবগতির জন্য অনুলিপি বিতরণ :

- ১। কৃষিবিদ কামরুল ইসলাম, নিরাপত্তা কর্মকর্তা (অ. দা.), সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।
- ২। প্রকৌশলী হিমাংশু শেখর পাল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সেল, সিকৃবি (ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
- ৩। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস নথি।